



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
জেলা কার্যালয়, বরগুনা  
www.doict.barguna.gov.bd



স্মারক নং- ৫৬.০৪.০৪০০.০০০.৯৯.০০৮.২২-১০৫

তারিখ: ২৭ মাঘ, ২৪২৮ বঙ্গাব্দ  
১০ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়:** ডিজিটাল সংযোগ স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় ব্রডব্যান্ড কানেক্টিভিটি সম্প্রসারণের নিমিত্তে শিক্ষা প্রতিষ্ঠানসহ সকল সরকারি প্রতিষ্ঠানের হালনাগাদ তথ্য এবং স্থানীয় ইন্টারনেট সেবাদানকারী কোম্পানি সংস্থা (আইএসপি) সমূহের তথ্য প্রদান সংক্রান্ত।

**সূত্র:** ক) ডাক টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় এর ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প এর ০৩.০২.২০২২'র ৫৬.০৪.০০০০.১১২.৯৯.০০১.২২-১ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক গৃহীত ডিজিটাল সংযোগ স্থাপন ইউডিসি প্রকল্পের আওতায় তৃণমূল পর্যায়ে ব্রডব্যান্ড সংযোগবিহীন শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি বিভিন্ন দপ্তর/ সংস্থায় ১,০৯,২৪৪টি ব্রডব্যান্ড এন্ড-ইউজার কানেক্টিভিটি স্থাপন করা হবে। উক্ত সংযোগ স্থাপন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ইউনিয়ন পর্যায়ে ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপনের লক্ষ্যে দেশের তৃণমূল পর্যায়ের কমিউনিটি ক্লিনিক, প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় এবং স্থানীয় ইন্টারনেট সেবাদানকারী কোম্পানির/ সংস্থা (আইএসপি) সমূহের বিস্তারিত তথ্য প্রয়োজন (তথ্য ছক সংযুক্ত)।

এমতাবস্থায়, আপনার অন্তর্গত তৃণমূল পর্যায়ে উল্লেখিত প্রতিষ্ঠান/ সংস্থা এর বিস্তারিত তথ্য সংযুক্ত ছক অনুযায়ী আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


সংযুক্তি: ২ ফর্দ।

১। ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প এর মূল চিঠি।

২। ছক।

প্রাপক:

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বরগুনা।

  
10.02.2022

মোঃ মিলন গাজী

সহকারী প্রোগ্রামার (অ: দা:)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বরগুনা

মোবাইল: ০১৭৪১৬৩৫৬৮৭

[gmmilon15@gmail.com](mailto:gmmilon15@gmail.com)

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

০১. জেলা প্রশাসক, বরগুনা।

০২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা।

০৩. উপজেলা নির্বাহী অফিসার, (সকাল), বরগুনা।

০৪. অফিস কপি।